উচ্চতর গণিত

১ম পত্র

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

অধ্যায় ০১

ম্যাট্রিক্স ও নির্ণায়ক

➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
✪✪	T-01	ম্যাট্রিক্সের প্রকারভেদ সংক্রান্ত	11	-	DU'17-18; RU'23-24, 21-22, 20-21, 19-20, 17-18; CU'22-23; JU'23-24, 22-23, 18-19; KU'18-19	-
✪	T-02	ম্যাট্রিক্সের ট্রেস সংক্রান্ত	2	-	JU'20-21, 19-20	-
✪✪	T-03	ম্যাট্রিক্সের সমতা সংক্রান্ত	2	-	RU'23-24; CU'16-17	-
✪✪✪	T-04	ম্যাট্রিক্সের যোগ, বিয়োগ ও গুণ সংক্রান্ত	28	1	DU'20-21, 12-13, 04-05; GST'22-23, 21-22; RU'23-24, 22-23, 17-18, 14-15, 08-09; CU'23-24, 21-22,18-19, 13-14; JU'22-23, 21-22, 17-18, 14-15; KU'19-20, 13-14; BAU'18-19	RU'19-20
✪	T-05	ম্যাট্রিক্সের ভুক্তি নির্ণয় সংক্রান্ত	-	1	-	DU'21-22
✪✪	T-06	নির্ণায়কের অনুরাশি ও সহগুণক সংক্রান্ত সমস্যা	4	-	GST'23-24; RU'23-24; JU'23-24	-
✪✪✪	T-07	ব্যতিক্রমী, অব্যতিক্রমী এবং ইনভার্স/ বিপরীত ম্যাট্রিক্স	20	-	DU'23-24, 21-22, 13-14, 10-11; RU'23-24, 22-23, 20-21, 18-19, 17-18; CU'20-21, 16-17; JU'23-24, 21-22, 19-20, 17-18, 14-15; JnU'17-18, 12-13	-
✪✪	T-08	অব্যতিক্রমী ম্যাট্রিক্সের নির্ণায়কের মান সংক্রান্ত	2	-	DU'19-20; JU'23-24	-
✪✪✪	T-09	নির্ণায়কের মান নির্ণয় সংক্রান্ত সমস্যা	12	-	DU'17-18, 14-15; GST'20-21; RU'22-23, 18-19; CU'23-24; JU'23-24, 21-22, 19-20, 18-19	-
✪✪	T-10	বহুচলকবিশিষ্ট সমীকরণজোটের সমাধান	4	-	GST'23-24; RU'21-22; CU'16-17; JU'18-19	-

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

Type-01: ম্যাট্রিক্সের প্রকারভেদ সংক্রান্ত

Formula & Concept:

এখানে বিভিন্ন প্রকার ম্যাট্রিক্সের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলো ব্যবহার করতে হবে।

MCQ

01. $A = \begin{bmatrix} 5 & 4 \\ 2 & 3 \end{bmatrix}$ হলে Adj A হবে- **[RU'23-24] [Ans: b]**

(a) $\begin{bmatrix} 3 & 2 \\ -4 & 5 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 3 & -4 \\ -2 & 5 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 4 & -5 \\ 3 & 2 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 3 & 4 \\ 2 & 5 \end{bmatrix}$

সমাধান: $A\begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ হলে, $\text{Adj } A = \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix} \therefore \text{Adj } A = \begin{bmatrix} 3 & -4 \\ -2 & 5 \end{bmatrix}$

02. A ও B দুইটি 3×3 ক্রমের ম্যাট্রিক্স হলে $|A - B| = 0$ এর সমার্থক কোনটি? **[JU'23-24] [Ans: d]**

(a) $A = 0$ বা $B = 0$ (b) $|A| = 0$ বা $|B| = 0$ (c) $|A| = 0$ এবং $|B| = 0$ (d) $A = 0$ এবং $B = 0$

সমাধান:A ও B ম্যাট্রিক্স দুটির উপর নির্ভর করে যেকোনো Option-ই Correct হতে পারে। কিন্তু সাধারণ দুটি ম্যাট্রিক্স এর বিয়োগফল এর নির্ণায়ক শূন্য হতে হলে দুটি ম্যাট্রিক্সের একই অবস্থানের ভুক্তিগুলো সমান অথবা প্রতিটি ভুক্তি শূন্য হতে হবে। তাই সঠিক উত্তর $A = 0$ এবং $B = 0$

03. নিচের কোনটি প্রতিসম ম্যাট্রিক্স? **[JU'22-23, RU'17-18] [Ans: b]**

(a) $\begin{bmatrix} 0 & b \\ -b & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} b & 0 \\ 0 & -b \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} b & 0 \\ -b & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 0 & -b \\ 0 & b \end{bmatrix}$

সমাধান: M প্রতিসম ম্যাট্রিক্স হলে, $M = M^T$

$A = \begin{bmatrix} 0 & b \\ -b & 0 \end{bmatrix} \therefore A^T = \begin{bmatrix} 0 & -b \\ b & 0 \end{bmatrix} \neq A$; $B = \begin{bmatrix} b & 0 \\ 0 & -b \end{bmatrix} \therefore B^T = \begin{bmatrix} b & 0 \\ 0 & -b \end{bmatrix} = B$

$C = \begin{bmatrix} b & 0 \\ -b & 0 \end{bmatrix} \therefore C^T = \begin{bmatrix} b & -b \\ 0 & 0 \end{bmatrix} \neq C$; $D = \begin{bmatrix} 0 & -b \\ 0 & b \end{bmatrix} \therefore D^T = \begin{bmatrix} 0 & 0 \\ -b & b \end{bmatrix} \neq D$

04. Idempotent ম্যাট্রিক্সের শর্ত হল – **[CU'22-23] [Ans: d]**

(a) $A^2 = 1$ (b) $A \times 1 = 1$ (c) $A^2 = B$ (d) $A^2 = A$

সমাধান: Idempotent বা সমঘাতি Matrix এ, $A^2 = A$ হবে

05. $A = \begin{bmatrix} 1 & -1 \\ 1 & -1 \end{bmatrix}$ কোন ধরনের ম্যাট্রিক্স? **[RU'21-22] [Ans: a]**

(a) শূন্যঘাতি (b) প্রতিসম (c) অভেদঘাতি (d) সমঘাতি

সমাধান: $A = \begin{bmatrix} 1 & -1 \\ 1 & -1 \end{bmatrix}$; $A^2 = A \cdot A = \begin{bmatrix} 1 & -1 \\ 1 & -1 \end{bmatrix}\begin{bmatrix} 1 & -1 \\ 1 & -1 \end{bmatrix} = \begin{bmatrix} 1-1 & -1+1 \\ 1-1 & -1+1 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$

$\therefore$ A একটি শূন্যঘাতি ম্যাট্রিক্স।

06. নিচের কোনটি বিপ্রতিসম ম্যাট্রিক্স? **[RU'20-21] [Ans: c]**

(a) $\begin{bmatrix} 0 & -2 & 3 \\ 2 & 0 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 0 & -2 & 3 \\ 2 & 1 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 0 & -2 & -3 \\ 2 & 0 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 0 & -2 & -3 \\ 2 & 0 & -4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$

সমাধান: বক্র প্রতিসম ম্যাট্রিক্সের ক্ষেত্রে $A = -A^T$ হবে। অর্থাৎ $[a_{ij}] = -[a_{ji}]$ এবং মুখ্য কর্ণের ভুক্তিগুলো শূন্য হবে। উপরোক্ত শর্তগুলো মেনে অপশন (c) হবে সঠিক উত্তর।

07. নিচের কোনটি সমঘাতি ম্যাট্রিক্স? **[RU'20-21] [Ans: b]**

(a) $\begin{bmatrix} -2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 2 & 1 \\ -2 & 1 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} -2 & -1 \\ -2 & -1 \end{bmatrix}$

সমাধান: A একটি সমঘাতি ম্যাট্রিক্স হলে, $A^2 = A$, শুধুমাত্র (b) এর জন্য

$\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix} = \begin{bmatrix} 4-2 & 2-1 \\ -4+2 & -2+1 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with CamScanner

[RU'19-20] [Ans: c]

08. A ও B দুইটি প্রতিসম ম্যাট্রিক্স হলে AB − BA একটি-

(a) প্রতিসম ম্যাট্রিক্স (b) কর্ণ ম্যাট্রিক্স (c) বিপ্রতিসম ম্যাট্রিক্স (d) শূন্য ম্যাট্রিক্স

সমাধান: ধরি, $A = \begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix}$, $B = \begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix}$ $\therefore AB = \begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix}\begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix} = \begin{bmatrix} ap+bq & aq+br \\ bp+cq & bq+cr \end{bmatrix}$

$\therefore BA = \begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix}\begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix} = \begin{bmatrix} ap+qb & bp+cq \\ aq+br & bq+cr \end{bmatrix}$

$\therefore AB - BA = \begin{bmatrix} 0 & aq+br-bp-cq \\ bp+cq-aq-br & 0 \end{bmatrix}$ $\therefore$ AB − BA একটি বিপ্রতিসম ম্যাট্রিক্স।

[JU'18-19] [Ans: a]

09. যে কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য ভুক্তিগুলি সমান হয়, তাকে_____বলে।

(a) স্কেলার ম্যাট্রিক্স (b) আয়তাকার ম্যাট্রিক্স (c) অভেদক ম্যাট্রিক্স (d) শূন্য ম্যাট্রিক্স

[KU'18-19] [Ans: d]

10. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ একটি-

(i) কর্ণ ম্যাট্রিক্স (ii) স্কেলার ম্যাট্রিক্স (iii) অভেদক ম্যাট্রিক্স

উপরের তথ্যের আলোকে নিচের কোনটি সত্য?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

[DU'17-18] [Ans: b]

11. $A = \begin{bmatrix} a & 2 & 5 \\ -2 & b & -3 \\ -5 & 3 & c \end{bmatrix}$ একটি বক্র প্রতিসম ম্যাট্রিক্স হল a, b, c এর মানগুলো-

(a) −2, −5, 3 (b) 0, 0, 0 (c) 1, 1, 1 (d) 2, 5, 3

সমাধান: বক্র প্রতিসম ম্যাট্রিক্সের জন্য, $A^T = -A$ $\therefore a = b = c = 0$ হবে।

Type-02: ম্যাট্রিক্সের ট্রেস সংক্রান্ত

➲ **Formula & Concept:**

ম্যাট্রিক্সের ট্রেস (Trace of a matrix): কোনো বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের ভুক্তিগুলোর যোগফলকে ট্রেস বলে। যেমন,

$A = \begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix}$ (3×3, মুখ্য কর্ণ)

A একটি ম্যাট্রিক্স হলে, A ম্যাট্রিক্সের ট্রেস; Trace (A) = a + e + i

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

MCQ

01. $\begin{pmatrix} 5 & 6 \\ 2 & 4 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স এর ট্রেস (Trace) কোনটি?

[JU'20-21] [Ans: a]

(a) $\frac{9}{8}$ (b) $\frac{8}{9}$ (c) 8 (d) 9

সমাধান: বিপরীত ম্যাট্রিক্স $= \frac{1}{20-12}\begin{pmatrix} 4 & -6 \\ -2 & 5 \end{pmatrix} = \frac{1}{8}\begin{bmatrix} 4 & -6 \\ -2 & 5 \end{bmatrix} = \begin{bmatrix} \frac{1}{2} & -\frac{3}{4} \\ -\frac{1}{4} & \frac{5}{8} \end{bmatrix}$ $\therefore$ ট্রেস $= \frac{1}{2} + \frac{5}{8} = \frac{9}{8}$

02. $\begin{bmatrix} 1 & 3 & 1 \\ 4 & 4 & 4 \\ 3 & 1 & a \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির ট্রেস (Trace) এর মান 8 হলে, a এর মান কোনটি?

[JU'19-20] [Ans: b]

(a) 5 (b) 3 (c) 2 (d) 4

সমাধান: $1 + 4 + a = 8$ $\therefore a = 3$

CamScanner

Type-03: ম্যাট্রিক্সের সমতা সংক্রান্ত

১ **Formula & Concept:**

দুইটি ম্যাট্রিক্স তখনই সমান হবে যখন তাদের ক্রম সমান হবে এবং অনুরূপ ভুক্তিগুলো সমান হবে। উল্টোভাবে বলা যায়, দুইটি একই ক্রমের ম্যাট্রিক্স সমান হলে তাদের অনুরূপ ভুক্তিগুলো পরস্পর সমান হবে।

MCQ

01. $\begin{bmatrix} 8 & x \\ y-2 & 6 \end{bmatrix} = \begin{bmatrix} 8 & 2+y \\ 4 & 6 \end{bmatrix}$ হলে (x, y) কোনটি? **[RU'23-24] [Ans: d]**

(a) $(8,2)$ (b) $(6,2)$ (c) $(6,8)$ (d) $(8,6)$

সমাধান: $\begin{bmatrix} 8 & x \\ y-2 & 6 \end{bmatrix} = \begin{bmatrix} 8 & 2+y \\ 4 & 6 \end{bmatrix} \therefore y-2=4 \Rightarrow y=6$

$\therefore x = 2+y \Rightarrow x = 2+6 \Rightarrow x = 8 \therefore (x,y) = (8,6)$

02. $\begin{pmatrix} 1+2i & 0 \\ 0 & 1-2i \end{pmatrix} \begin{pmatrix} x \\ y \end{pmatrix} = \begin{pmatrix} 0 \\ 1 \end{pmatrix}$ হলে, x ও y এর মান কত? **[CU'16-17]**

(a) $x = y = 0$ (b) $x \neq 0, \frac{1}{5}(1+2i)$ (c) $x \neq 0, \frac{1}{5}(1-2i)$ (d) $x = 0, y = \frac{(1+i\cdot 2)(1+2i)}{5}$

সমাধান: (সঠিক উত্তর নেই); $\begin{bmatrix} 1+2i & 0 \\ 0 & 1-2i \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} (1+2i)x \\ (1-2i)y \end{bmatrix} \therefore \begin{bmatrix} (1+2i)x \\ (1-2i)y \end{bmatrix} = \begin{bmatrix} 0 \\ 1 \end{bmatrix} \therefore (1+2i)x = 0, x = 0$

আবার, $(1-2i)y = 1 \Rightarrow y = \frac{1}{1-2i} = \frac{(1+2i)}{1-(2i)^2} \therefore y = \frac{1+2i}{5}$

Type-04: ম্যাট্রিক্সের যোগ, বিয়োগ ও গুণ সংক্রান্ত

২ **Formula & Concept:**

- দুইটি ম্যাট্রিক্স যোগ-বিয়োগ করা যাবে যদি ম্যাট্রিক্স দুটির ক্রম (order) সমান থাকে। দুটি ম্যাট্রিক্সের একই স্থানের ভুক্তিগুলো যোগ বা বিয়োগ করে ম্যাট্রিক্সের যোগফল বা বিয়োগফল নির্ণয় করা হয়।
- একটি ম্যাট্রিক্সের সাথে কোনো সংখ্যা গুণ করা হলে, ম্যাট্রিক্সের সবগুলো ভুক্তির সাথে সংখ্যাটি গুণ হয়ে যাবে।

$$k\begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix} = \begin{bmatrix} ka & kb & kc \\ kd & ke & kf \\ kg & kh & ki \end{bmatrix}$$

- দুটি ম্যাট্রিক্স গুণ করা যাবে যদি প্রথমটির কলাম সংখ্যা দ্বিতীয়টির সারি সংখ্যার সমান হয়। A এর ক্রম $m \times n$ এবং B এর ক্রম $n \times p$ হলে, AB নির্ণয়যোগ্য কিন্তু BA নির্ণয়যোগ্য নয়। AB গুণফল ম্যাট্রিক্সটির ক্রম হবে $= m \times p$

$A \times B = C$

A এর Column সংখ্যা = B এর Row সংখ্যা (গুণের শর্ত)

$m \times \boxed{n \quad n} \times p$

$m \times p$ (C এর ক্রম)

- A এবং I এর গুণফল নির্ণয়যোগ্য হলে, $AI = IA = A$.
- অভেদক ম্যাট্রিক্স I এর ক্ষেত্রে, $I^n = I$
- $A = \begin{bmatrix} a & 0 \\ 0 & a \end{bmatrix}$ হলে, $A^n = \begin{bmatrix} a^n & 0 \\ 0 & a^n \end{bmatrix}$
- $A = \begin{bmatrix} 0 & 0 & a \\ 0 & a & 0 \\ a & 0 & 0 \end{bmatrix}$ হলে, $A^n = \begin{bmatrix} a^n & 0 & 0 \\ 0 & a^n & 0 \\ 0 & 0 & a^n \end{bmatrix}$ যখন, n ধনাত্মক জোড় পূর্ণসংখ্যা এবং $A^n = \begin{bmatrix} 0 & 0 & a^n \\ 0 & a^n & 0 \\ a^n & 0 & 0 \end{bmatrix}$ যখন, n ধনাত্মক বিজোড় পূর্ণসংখ্যা।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with CamScanner

MCQ

01. $A = \begin{bmatrix} 1 & -1 \\ 0 & 0 \end{bmatrix}$ এবং $f(x) = x - 3$ হলে $f(A) =$ কোনটি? [RU'23-24] [Ans: a]

(a) $\begin{bmatrix} -2 & -1 \\ 0 & -3 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} -2 & -1 \\ 4 & 0 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} -2 & -4 \\ -3 & -3 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 2 & -1 \\ 0 & 0 \end{bmatrix}$

সমাধান: $A = \begin{bmatrix} 1 & -1 \\ 0 & 0 \end{bmatrix}$

$f(x) = x - 3 \therefore f(A) = A - 3I = \begin{bmatrix} 1 & -1 \\ 0 & 0 \end{bmatrix} - \begin{bmatrix} 3 & 0 \\ 0 & 3 \end{bmatrix} = \begin{bmatrix} -2 & -1 \\ 0 & -3 \end{bmatrix}$

02. $A = \begin{pmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{pmatrix}$ হলে, $A^3 - 7I_3 = ?$ [CU'23-24] [Ans: a]

(a) I_3 (b) $2I_3$ (c) A (d) $2A$

সমাধান: $A = \begin{pmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{pmatrix}$

$\therefore A^3 - 7I_3 = \begin{bmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{bmatrix}^3 - 7\begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 2^3 & 0 & 0 \\ 0 & 2^3 & 0 \\ 0 & 0 & 2^3 \end{bmatrix} - \begin{bmatrix} 7 & 0 & 0 \\ 0 & 7 & 0 \\ 0 & 0 & 7 \end{bmatrix}$ [কারণ A এক প্রকার কর্ণ Matrix]

$= \begin{bmatrix} 8 & 0 & 0 \\ 0 & 8 & 0 \\ 0 & 0 & 8 \end{bmatrix} - \begin{bmatrix} 7 & 0 & 0 \\ 0 & 7 & 0 \\ 0 & 0 & 7 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = I_3$

03. যদি $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}$ হয়, তবে $A^2 + 3A - 10I$ হবে একটি [CU'23-24] [Ans: c]

(a) অভেদক ম্যাট্রিক্স (b) প্রতিসম ম্যাট্রিক্স (c) শূন্য ম্যাট্রিক্স (d) কোনোটিই নয়

সমাধান: $A^2 + 3A - 10I = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix}\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix} + 3\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix} - 10\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 7 & -6 \\ -9 & 22 \end{bmatrix} + \begin{bmatrix} 3 & 6 \\ 9 & -12 \end{bmatrix} - \begin{bmatrix} 10 & 0 \\ 0 & 10 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$ যা একটি শূন্য ম্যাট্রিক্স।

বিকল্প: $A^2 + 3A - 10I = A^2 + 5A - 2A - 10I = A(A + 5I) - 2I(A + 5I) = (A + 5I)(A - 2I)$

$\left(\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix} + \begin{bmatrix} 5 & 0 \\ 0 & 5 \end{bmatrix}\right)\left(\begin{bmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{bmatrix} - \begin{bmatrix} 2 & 0 \\ 0 & 2 \end{bmatrix}\right) = \begin{bmatrix} 6 & 2 \\ 3 & 1 \end{bmatrix}\begin{bmatrix} -1 & 2 \\ 3 & -6 \end{bmatrix} = \begin{bmatrix} -6+6 & 12-12 \\ -3+3 & 6-6 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$

যা একটি শূন্য ম্যাট্রিক্স।

Shortcut: 2×2 ম্যাট্রিক্স এর Characteristic equation হতে পাই, $f(A) = \lambda^2 - \text{tr}(A)\lambda + \det(A)$

তখন, $f(A) = 0 \Rightarrow A^2 - \text{tr}(A)A + \det(A)I_2 = [0]_{2\times 2}$

$\Rightarrow A^2 - (1-4)A + (-4-6)I_2 = [0]_{2\times 2} \Rightarrow A^2 + 3A - 10I = [0]_{2\times 2}$ যা একটি শূন্য ম্যাট্রিক্স।

04. $A = \begin{bmatrix} 3 & 5 & 1 \\ 4 & 0 & 2 \\ 1 & 6 & 4 \end{bmatrix}$ হলে, $A - 2I$ এর মান কোনটি? [JU'22-23] [Ans: b]

(a) $\begin{bmatrix} 5 & 5 & 1 \\ 4 & 2 & 2 \\ 1 & 6 & 6 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & 5 & 1 \\ 4 & -2 & 2 \\ 1 & 6 & 2 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 1 & 3 & -1 \\ 4 & 0 & 2 \\ 1 & 6 & 4 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 1 & 3 & -1 \\ 2 & -2 & 0 \\ -1 & 4 & 2 \end{bmatrix}$

সমাধান: $A - 2I = \begin{bmatrix} 3 & 5 & 1 \\ 4 & 0 & 2 \\ 1 & 6 & 4 \end{bmatrix} - \begin{bmatrix} 2 & 0 & 0 \\ 0 & 2 & 0 \\ 0 & 0 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 5 & 1 \\ 4 & -2 & 2 \\ 1 & 6 & 2 \end{bmatrix}$

05. A ম্যাট্রিক্সের ক্রম 2×3 এবং B ম্যাট্রিক্সের ক্রম 3×2 হলে, AB এর ক্রম কোনটি? [JU'22-23] [Ans: a]

(a) 2×2 (b) 2×3 (c) 3×2 (d) 3×3

সমাধান:



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

06. $P+Q=\begin{bmatrix}1 & 2\\ 3 & 4\end{bmatrix}$ এবং $P-Q=\begin{bmatrix}5 & 6\\ 7 & 8\end{bmatrix}$ হলে, P = কত? **[RU'22-23] [Ans: b]**

(a) $\begin{bmatrix}-4 & 2\\ -6 & 4\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}3 & 4\\ 5 & 6\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}1 & -2\\ 5 & 6\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}5 & -6\\ 5 & -8\end{bmatrix}$

সমাধান: $P+Q+P-Q=2P=\begin{bmatrix}1+5 & 2+6\\ 3+7 & 4+8\end{bmatrix}=\begin{bmatrix}6 & 8\\ 10 & 12\end{bmatrix}\therefore P=\begin{bmatrix}3 & 4\\ 5 & 6\end{bmatrix}$

07. A এবং $(A^T+B)C$ ম্যাট্রিক্স দুইটির ক্রম যথাক্রমে 4×5 এবং 5×2 হলে C ম্যাট্রিক্স এর ক্রম কী হবে? **[GST'22-23] [Ans: a]**

(a) 4×2 (b) 4×3 (c) 4×4 (d) 4×5

সমাধান: এখানে A এর ক্রম $4\times5\ \therefore A^T$ এর ক্রম $5\times4\ \because A^T$ ও B কে যোগ করা হয়েছে $\therefore$ B এর ক্রম 5×4 [যোগের শর্ত]
আবার $(A^T+B)C$ এর ক্রম $5\times2\ \because (A^T+B)$ এর ক্রম $5\times4\ \therefore$ C এর ক্রম অবশ্যই 4×2 হতে হবে।

08. 3×2 এবং 2×3 ক্রম বিশিষ্ট দুটি ম্যাট্রিক্স যথাক্রমে A এবং B এর ভুক্তি 0 বা 1 হলে Tr(BA) এর সর্বোচ্চ মান হবে- **[GST'21-22]**

(a) 0 (b) 1 (c) 6 (d) 9 **[Ans: c]**

সমাধান: A ও B যথাক্রমে 3×2 ও 2×3 ক্রমের ম্যাট্রিক্স বলে, BA একটি 2×2 ক্রমের ম্যাট্রিক্স হবে। আবার, AB এর ভুক্তিগুলো 0 হলে, $BA=\begin{bmatrix}0 & 0\\ 0 & 0\end{bmatrix}$; এক্ষেত্রে, Trace সর্বনিম্ন হবে। A, B এর সকল ভুক্তিগুলো 1 হলে, $BA=\begin{bmatrix}3 & 3\\ 3 & 3\end{bmatrix}$; এক্ষেত্রে Trace সর্বোচ্চ হবে। $\therefore$ Trace এর সর্বোচ্চ মান $=3+3=6$

09. $A=\begin{pmatrix}1 & 2 & 3\\ 4 & 5 & 6\\ 7 & 8 & 9\end{pmatrix}$ এবং $B=\begin{pmatrix}0 & 1\\ 2 & 3\\ 4 & 5\end{pmatrix}$ হলে A + B =? **[JU'21-22] [Ans: d]**

(a) $\begin{pmatrix}1 & 3 & 3\\ 6 & 8 & 6\\ 11 & 13 & 9\end{pmatrix}$ (b) $\begin{pmatrix}1 & 2 & 3\\ 4 & 7 & 9\\ 7 & 12 & 14\end{pmatrix}$ (c) $\begin{pmatrix}1 & 3\\ 6 & 8\\ 7 & 8\end{pmatrix}$ (d) অসম্ভব

সমাধান: A এর মাত্রা 3×3; B এর মাত্রা 3×2 তাই A + B অসম্ভব। যোগের ক্ষেত্রে ম্যাট্রিক্সের ক্রম সমান হতে হবে।

10. $A=\begin{pmatrix}1\\ 2\\ 3\end{pmatrix}$ এবং $B=(4\quad 5\quad 6)$ হলে AB = ? **[JU'21-22] [Ans: c]**

(a) $(4\quad 10\quad 18)$ (b) $\begin{pmatrix}4\\ 10\\ 18\end{pmatrix}$ (c) $\begin{pmatrix}4 & 5 & 6\\ 8 & 10 & 12\\ 12 & 15 & 18\end{pmatrix}$ (d) অসম্ভব

সমাধান: $AB=\begin{pmatrix}1\\ 2\\ 3\end{pmatrix}(4\quad 5\quad 6)=\begin{pmatrix}4 & 5 & 6\\ 8 & 10 & 12\\ 12 & 15 & 18\end{pmatrix}$

বিকল্প: $A_{3\times1}\times B_{1\times3}\ \therefore$ AB এর ক্রম হবে $3\times3\ \therefore$ Option (c) সঠিক।

11. যদি $X=\begin{bmatrix}1 & 2 & 3\\ 3 & 2 & 1\\ 2 & 1 & 3\end{bmatrix}$ এবং $Y=\begin{bmatrix}1 & 0 & 0\\ 0 & 1 & 0\\ 0 & 0 & 1\end{bmatrix}$ দুটি ম্যাট্রিক্স হয়, তাহলে XY এর মান কত? **[CU'21-22] [Ans: c]**

(a) $\begin{bmatrix}1 & 0 & 0\\ 0 & 2 & 0\\ 0 & 0 & 3\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}6 & 0 & 0\\ 0 & 6 & 0\\ 0 & 0 & 6\end{bmatrix}$ (c) X (d) Y

সমাধান: $X=\begin{bmatrix}1 & 2 & 3\\ 3 & 2 & 1\\ 2 & 1 & 3\end{bmatrix}$ এবং $Y=\begin{bmatrix}1 & 0 & 0\\ 0 & 1 & 0\\ 0 & 0 & 1\end{bmatrix}$ এখানে Y হলো অভেদক ম্যাট্রিক্স $\therefore XY=XI=X$

12. যদি A, B, C ম্যাট্রিক্স তিনটির আকার যথাক্রমে $4\times5, 5\times4$ এবং 4×2 হয়, তবে $(A^T+B)C$ ম্যাট্রিক্সটির আকার কি?

(a) 4×2 (b) 5×4 (c) 2×5 (d) 5×2 **[DU'20-21] [Ans: d]**

সমাধান: A এর ক্রম $4\times5\ \therefore A^T$ এর ক্রম 5×4, B এর ক্রম 5×4, (A^T+B) এর ক্রম 5×4, C এর ক্রম 4×2
$\therefore (A^T+B)C$ এর ক্রম $=5\times2$

13. $A=\begin{pmatrix}1 & 2\\ 4 & -3\end{pmatrix}$ এবং $A^2+2A-11x=0$ হলে x এর মান কত? **[KU'19-20] [Ans: b]**

(a) $\begin{pmatrix}11 & 0\\ 0 & 11\end{pmatrix}$ (b) $\begin{pmatrix}1 & 0\\ 0 & 1\end{pmatrix}$ (c) $\begin{pmatrix}2 & 0\\ 0 & 2\end{pmatrix}$ (d) $\begin{pmatrix}13 & 0\\ 0 & 13\end{pmatrix}$

সমাধান: $A=\begin{pmatrix}1 & 2\\ 4 & -3\end{pmatrix}\ \therefore 2A=\begin{pmatrix}2 & 4\\ 8 & -6\end{pmatrix}\ \therefore 2A+A^2=\begin{pmatrix}2 & 4\\ 8 & -6\end{pmatrix}+\begin{pmatrix}1 & 2\\ 4 & -3\end{pmatrix}\begin{pmatrix}1 & 2\\ 4 & -3\end{pmatrix}=\begin{pmatrix}11 & 0\\ 0 & 11\end{pmatrix}$
$\therefore \begin{pmatrix}11 & 0\\ 0 & 11\end{pmatrix}-11x=0\Rightarrow 11x=11\begin{pmatrix}1 & 0\\ 0 & 1\end{pmatrix}\therefore x=\begin{pmatrix}1 & 0\\ 0 & 1\end{pmatrix}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

14. BA এর মান নির্ণয় কর, যদি $A = \begin{pmatrix} 1 & i \\ -i & 1 \end{pmatrix}$ এবং $B = \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix}$ ও $i = \sqrt{-1}$ হয়। **[CU'18-19; RU'17-18; DU'12-13]**

(a) $\begin{pmatrix} -1 & i \\ -i & -1 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 1 & 1 \\ 7 & 3 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} 2i & -2 \\ -2 & -2i \end{pmatrix}$ **[Ans: d]**

সমাধান: $BA = \begin{pmatrix} i & -1 \\ -1 & -i \end{pmatrix}\begin{pmatrix} 1 & i \\ -i & 1 \end{pmatrix} = \begin{pmatrix} i+i & i^2-1 \\ -1+i^2 & -i-i \end{pmatrix} = \begin{pmatrix} 2i & -2 \\ -2 & -2i \end{pmatrix}$

15. ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$ হলে, A^2 এর মান কত? **[CU'18-19; RU'17-18] [Ans: d]**

(a) $-A$ (b) 0 (c) $2A$ (d) A

সমাধান: $A^2 = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}\begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 4+2-4 & -4-6+8 & -8-8+12 \\ -2-3+4 & 2+9-8 & 4+12-12 \\ 2+2-3 & -2-6+6 & -4-8+9 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} = A$

16. $[1 \quad 3]\begin{bmatrix} y & x \\ 5 & x \end{bmatrix} = [12 \quad 4]$ হলে (x, y) এর মান কত? **[BAU'18-19] [Ans: d]**

(a) $(-3,-1)$ (b) $(-3,1)$ (c) $(1,1)$ (d) $(1,-3)$

সমাধান: $[1 \quad 3]\begin{bmatrix} y & x \\ 5 & x \end{bmatrix} = [12 \quad 4] \Rightarrow [y+15 \quad 4x] = [12 \quad 4]$

অর্থাৎ, $y + 15 = 12 \Rightarrow y = -3$ এবং $4x = 4 \Rightarrow x = 1$

17. $A\begin{bmatrix} 3 & 0 & 4 \\ 2 & 1 & 1 \\ 1 & 0 & 2 \end{bmatrix} \times B\begin{bmatrix} 1 & 1 \\ -1 & 3 \\ 1 & 2 \end{bmatrix} = C[C_{ij}]$ হলে C_{32} এর মান কত? **[JU'17-18] [Ans: c]**

(a) 7 (b) 3 (c) 5 (d) 4

সমাধান: $\begin{bmatrix} 3 & 0 & 4 \\ 2 & 1 & 1 \\ 1 & 0 & 2 \end{bmatrix} \times \begin{bmatrix} 1 & 1 \\ -1 & 3 \\ 1 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 7 & 11 \\ 2 & 7 \\ 3 & 5 \end{bmatrix} \therefore C_{32} = 5$

18. যদি A, B ও C ম্যাট্রিক্সগুলো যোগ ও গুণনের জন্য যোগ্য হয়; তবে নিচের কোনটি সঠিক? **[RU'14-15] [Ans: d]**

(a) $A(B + C) = AB + AC$ (b) $(A + B)C = AC + BC$

(c) $A(BC) = (AB)C$ (d) সবগুলোই সঠিক

19. A একটি বর্গ ম্যাট্রিক্স হলে, AI =? **[RU'14-15] [Ans: b]**

(a) I (b) A (c) A^{-1} (d) কোনটিই নয়

20. যদি $A = \begin{pmatrix} 2 & -3 \\ 3 & 2 \end{pmatrix}$ হয়, তবে A^2 মান- **[JU'14-15; RU'08-09; DU'04-05] [Ans: d]**

(a) $\begin{pmatrix} -5 & 12 \\ -12 & 5 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 5 & -12 \\ -12 & 5 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} -5 & 12 \\ 12 & -5 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} -5 & -12 \\ 12 & -5 \end{pmatrix}$

সমাধান: $A = \begin{pmatrix} 2 & -3 \\ 3 & 2 \end{pmatrix} \therefore A^2 = \begin{pmatrix} 2 & -3 \\ 3 & 2 \end{pmatrix}\begin{pmatrix} 2 & -3 \\ 3 & 2 \end{pmatrix} = \begin{pmatrix} 4-9 & -6-6 \\ 6+6 & -9+4 \end{pmatrix} = \begin{pmatrix} -5 & -12 \\ 12 & -5 \end{pmatrix}$

21. $S = \begin{pmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{pmatrix}, \alpha = \begin{pmatrix} i & 0 \\ 0 & i \end{pmatrix}$ হলে $S\alpha^2$ হবে - **[CU'13-14] [Ans: c]**

(a) $S^2\alpha$ (b) $\alpha^3 S$ (c) $-S$ (d) α (e) S

সমাধান: $\alpha^2 = \begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix}\begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix} = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix}; S\alpha^2 = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix}\begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} = -S$

22. $P = [2 \quad 1]$ এবং $Q = \begin{bmatrix} 1 & -2 & 0 \\ 4 & 5 & -3 \end{bmatrix}$ হলে PQ এর মান কত? **[KU'13-14] [Ans: b]**

(a) $[6 \quad -1 \quad 3]$ (b) $[6 \quad 1 \quad -3]$ (c) $\begin{bmatrix} 6 \\ 1 \\ -3 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 6 \\ -1 \\ 3 \end{bmatrix}$

সমাধান: $[2+4 \quad -4+5 \quad 0-3] = [6 \quad 1 \quad -3]$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

Written

01. যদি $A = \begin{bmatrix} \cos\alpha & -\sin\alpha \\ \sin\alpha & \cos\alpha \end{bmatrix}$ হয়, তাহলে α এর মান কত হলে $A + A^T = I$ হবে? **[RU'19-20]**

সমাধান: $A + A^T = I \Rightarrow \begin{bmatrix} \cos\alpha & -\sin\alpha \\ \sin\alpha & \cos\alpha \end{bmatrix} + \begin{bmatrix} \cos\alpha & \sin\alpha \\ -\sin\alpha & \cos\alpha \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} 2\cos\alpha & 0 \\ 0 & 2\cos\alpha \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \therefore 2\cos\alpha = 1 \therefore \cos\alpha = \frac{1}{2} = \cos\frac{\pi}{3} \therefore \alpha = 2n\pi \pm \frac{\pi}{3};\ [n \in \mathbb{Z}]$ **(Ans.)**

Type-05: ম্যাট্রিক্সের ভুক্তি নির্ণয় সংক্রান্ত

➲ **Formula & Concept:**

যদি অজানা ম্যাট্রিক্সের মাত্রা দেয়া না থাকে তাহলে প্রথমে মাত্রা বের করে নিতে হবে। এরপর x, y, z ইত্যাদি বসিয়ে ঐ মাত্রার অজানা ম্যাট্রিক্স গঠন করতে হবে। এরপর প্রশ্নে উল্লিখিত শর্ত অনুসারে সমাধান করে x, y, z ইত্যাদির মান বের করে ম্যাট্রিক্সটি নির্ণয় করতে হবে। অথবা বর্গ ম্যাট্রিক্সের ক্ষেত্রে বিপরীত ম্যাট্রিক্স এর Concept ব্যবহার করা যেতে পারে।

Written

01. $A = [1 \quad 2 \quad 3], BA = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix}$ হলে B ম্যাট্রিক্সটি নির্ণয় কর। **[DU'21-22]**

সমাধান: $A = [1 \quad 2 \quad 3]_{1\times3}$

$BA = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix}_{3\times3}$ $\therefore$ B একটি 3×1 ক্রমের ম্যাট্রিক্স হবে।

ধরি, $B = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}_{3\times1}$ $\therefore BA = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}[1 \quad 2 \quad 3] = \begin{bmatrix} x & 2x & 3x \\ y & 2y & 3y \\ z & 2z & 3z \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix} \therefore x = 2, y = 3, z = 1 \therefore B = \begin{bmatrix} 2 \\ 3 \\ 1 \end{bmatrix}$ **(Ans.)**

Type-06: নির্ণায়কের অনুরাশি ও সহগুণক সংক্রান্ত সমস্যা

➲ **Formula & Concept:**

- একটি নির্ণায়কে কোনো ভুক্তি যে সারি ও কলামে অবস্থিত, সেই সারি ও কলামকে বাদ দিয়ে যে নির্ণায়কটি পাওয়া যায়, তাকে ঐ ভুক্তির অনুরাশি (Minor) বলে।
- কোনো ভুক্তির সহগুণক = $(-1)^{r+c} \times$ অনুরাশি
- $a_{11}, b_{12}, c_{13}, a_{21}$ ..... এর সহগুণককে সাধারণত $A_{11}, B_{12}, C_{13}, A_{21}$ ..... দ্বারা প্রকাশ করা হয়।

MCQ

01. $\begin{vmatrix} 2 & 3 & x \\ 0 & 3 & x \\ 1 & 3 & 1-x \end{vmatrix}$ নির্ণায়কের (2, 1) তম ভুক্তির সহগুণক 9 হলে x -এর মান কত? **[GST'23-24] [Ans: a]**

(a) 2 (b) 1.5 (c) 0.5 (d) 0

সমাধান: (2, 1) তম ভুক্তির সহগুণক $= (-1)^{2+1}\begin{vmatrix} 3 & x \\ 3 & 1-x \end{vmatrix} = 9$

$\Rightarrow -[3 - 3x - 3x] = 9 \Rightarrow 3 - 6x = -9 \Rightarrow 6x = 12 \therefore x = 2$

02. $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$ নির্ণায়কটির ২য় সারির উপাদানগুলার সহগুণক যথাক্রমে A_2, B_2 এবং C_2 হলে, $a_3A_2 + b_3B_2 + c_3C_2 = ?$

(a) -1 (b) 1 (c) 0 (d) 2 **[RU'23-24] [Ans: c]**

সমাধান: $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}; A_2 = (-1)^{2+1}\begin{vmatrix} b_1 & c_1 \\ b_3 & c_3 \end{vmatrix}; B_2 = (-1)^{2+2}\begin{vmatrix} a_1 & c_1 \\ a_3 & c_3 \end{vmatrix}; C_2 = (-1)^{2+3}\begin{vmatrix} a_1 & b_1 \\ a_3 & b_3 \end{vmatrix}$

$A_2 = -(b_1c_3 - c_1b_3); B_2 = a_1c_3 - c_1a_3;\ C_2 = -(a_1b_3 - b_1a_3)$

$\therefore a_3A_2 + b_3B_2 + c_3C_2 = -a_3b_1c_3 + a_3c_1b_3 + a_1b_3c_3 - a_3b_3c_1 - a_1b_3c_3 + a_3b_1c_3 = 0$

POLE MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

03. $\begin{pmatrix} 1 & -2 & 3 \\ 0 & 1 & -2 \\ -1 & 0 & 2 \end{pmatrix}$ এর (1, 2) তম ভুক্তির সহগুণক কোনটি? [JU'23-24] [Ans: c]

(a) -2 (b) -2 (c) 2 (d) 4

সমাধান: $\begin{vmatrix} 1 & -2 & 3 \\ 0 & 1 & -2 \\ -1 & 0 & 2 \end{vmatrix}$ এর (1,2) তম ভুক্তির সহগুণক $(-1)^{1+2}\begin{vmatrix} 0 & -2 \\ -1 & 2 \end{vmatrix} = -(0-2) = 2$

Type-07: ব্যতিক্রমী, অব্যতিক্রমী এবং ইনভার্স/ বিপরীত ম্যাট্রিক্স সংক্রান্ত

Formula & Concept:

কোনো বর্গ ম্যাট্রিক্সের নির্ণায়কের মান non-Zero [$|A| \neq 0$; Non-singular (অব্যতিক্রমী) Matrix] হলেই বিপরীত ম্যাট্রিক্স নির্ণয় করা যাবে। $A \cdot \text{Adj}(A) = |A|I \Rightarrow A \cdot \text{Adj}(A) = |A|\, A \cdot A^{-1} \therefore A^{-1} = \frac{\text{Adj}(A)}{|A|}$

❖ **Note:** যে ম্যাট্রিক্সের নির্ণায়কের মান 0 তাকে ব্যতিক্রমী (singular) এবং অশূন্য তাকে অব্যতিক্রমী (Non-singular) ম্যাট্রিক্স বলে।

➢ 2×2 ম্যাট্রিক্সের Adjoint নির্ণয়ের জন্য একটি সহজ কৌশল মনে রাখবে- মুখ্য কর্ণ বরাবর ভুক্তি exchange এবং গৌণ কর্ণ বরাবর চিহ্ন Change, এরপর এই Adjoint matrix কে নির্ণায়কের মান দ্বারা ভাগ করবে।

যেমন: $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$; Adj A ম্যাট্রিক্স হলো $\begin{pmatrix} d & -b \\ -c & a \end{pmatrix}$; একে A ম্যাট্রিক্সটির নির্ণায়কের মান (ad – bc) দ্বারা ভাগ করতে হবে বিপরীত ম্যাট্রিক্স বের করার জন্য।

$\therefore A^{-1} = \frac{1}{(ad-bc)}\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$

MCQ

01. $\begin{bmatrix} 1 & 3 & 2 \\ 2 & 0 & 3 \\ 1 & -1 & P \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হলে P এর মান কত? [DU'23-24] [Ans: a]

(a) $\frac{4}{3}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{5}{3}$ (d) $\frac{3}{5}$

সমাধান: ধরি, $A = \begin{bmatrix} 1 & 3 & 2 \\ 2 & 0 & 3 \\ 1 & -1 & P \end{bmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স।

$\therefore |A| = 0 \Rightarrow \begin{vmatrix} 1 & 3 & 2 \\ 2 & 0 & 3 \\ 1 & -1 & P \end{vmatrix} = 0 \Rightarrow C_2$ বরাবর বিস্তৃতি করে পাই, $-3(2P-3) + 0 - (-1)(3-4) = 0$

$\Rightarrow -6P + 9 - 1 = 0 \Rightarrow 6P = 8 \therefore P = \frac{4}{3}$

[নোট: এখানে যে কোনো সারি বা কলাম বরাবর বিস্তৃতি করলে একই মান পাওয়া যাবে]

02. $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ এবং $AB = I$, যেখানে I একক ম্যাট্রিক্স হলে, B ম্যাট্রিক্স কোনটি? [RU'23-24] [Ans: b]

(a) $\begin{bmatrix} \frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} \frac{1}{2} & -\frac{3}{2} \\ -1 & 2 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} -\frac{1}{2} & 1 \\ \frac{3}{2} & -2 \end{bmatrix}$

সমাধান: $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$

$AB = I \therefore B = A^{-1} = \frac{\text{adj}(A)}{|A|} = \frac{\begin{bmatrix} 1 & -3 \\ -2 & 4 \end{bmatrix}}{-2} = \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}$

03. $A = \begin{bmatrix} 8 & -5 \\ -6 & 4 \end{bmatrix}$ হলে $A^{-1} =$ কত? [JU'23-24] [Ans: c]

(a) $-\frac{1}{2}\begin{bmatrix} 4 & 5 \\ 6 & 8 \end{bmatrix}$ (b) $\frac{1}{2}\begin{bmatrix} 8 & 5 \\ 6 & 4 \end{bmatrix}$ (c) $\frac{1}{2}\begin{bmatrix} 4 & 5 \\ 6 & 8 \end{bmatrix}$ (d) $\frac{1}{2}\begin{bmatrix} 4 & -6 \\ -5 & 8 \end{bmatrix}$

সমাধান: $A = \begin{bmatrix} 8 & -5 \\ -6 & 4 \end{bmatrix} \therefore A^{-1} = \frac{1}{32-30}\begin{bmatrix} 4 & 5 \\ 6 & 8 \end{bmatrix} = \frac{1}{2}\begin{bmatrix} 4 & 5 \\ 6 & 8 \end{bmatrix}$

$\because A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ হলে, $A^{-1} = \frac{1}{ad-bc}\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

04. $\begin{bmatrix} m-2 & 6 \\ 2 & m-3 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স বিদ্যমান না থাকলে m = কত? |RU'22-23| |Ans: c|

(a) $-1, 6$ (b) $1, -6$ (c) $6, -1$ (d) $-1, -6$

সমাধান: $(m-2)(m-3) - 12 = 0 \Rightarrow m^2 - 5m - 6 = 0 \Rightarrow m = 6, -1$

05. $A = \begin{bmatrix} 2 & 3 \\ 1 & 3 \end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি? |RU'22-23| |Ans: a|

(a) $\frac{1}{3}\begin{bmatrix} 3 & -3 \\ -1 & 2 \end{bmatrix}$ (b) $\frac{1}{3}\begin{bmatrix} 3 & -1 \\ -3 & 2 \end{bmatrix}$ (c) $\frac{1}{3}\begin{bmatrix} -3 & 3 \\ 1 & -2 \end{bmatrix}$ (d) $\frac{1}{3}\begin{bmatrix} 3 & -1 \\ 3 & -2 \end{bmatrix}$

সমাধান: $A = \begin{bmatrix} 2 & 3 \\ 1 & 3 \end{bmatrix} \therefore |A| = \begin{vmatrix} 2 & 3 \\ 1 & 3 \end{vmatrix} = 6 - 3 = 3 \therefore A^{-1} = \frac{1}{3}\begin{bmatrix} 3 & -3 \\ -1 & 2 \end{bmatrix}$

06. $A = \begin{pmatrix} 1 & 2 \\ 2 & 5 \end{pmatrix}$ হলে $\det(AA^{-1})$ -এর মান কত? |DU'21-22| |Ans: a|

(a) 1 (b) -1 (c) 0 (d) $-\frac{1}{2}$

সমাধান: $AA^{-1} = I \therefore \det(AA^{-1}) = \det(I) = \begin{vmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{vmatrix} = 1^2 - 0 = 1$

07. k এর কোন মানের জন্য $\begin{pmatrix} k-1 & -2 \\ -2 & k-2 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটি বিপরীতকরণযোগ্য নয়? |JU'21-22| |Ans: b|

(a) 2 (b) $\frac{3\pm\sqrt{17}}{2}$ (c) 1 (d) $\frac{3\pm\sqrt{15}}{2}$

সমাধান: $|A| = 0 \Rightarrow (k-1)(k-2) - 4 = 0 \Rightarrow k^2 - 3k - 2 = 0 \therefore k = \frac{3\pm\sqrt{17}}{2}$

08. k এর কোন মানের জন্য $\begin{pmatrix} k-2 & 4 \\ 3 & 9 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটি অব্যতিক্রমী নয়? |JU'21-22| |Ans: a|

(a) $\frac{10}{3}$ (b) 30 (c) 3 (d) $\frac{9}{4}$

সমাধান: $\begin{pmatrix} k-2 & 4 \\ 3 & 9 \end{pmatrix} = 0 \Rightarrow 9(k-2) - 12 = 0 \Rightarrow 9k = 30 \Rightarrow k = \frac{30}{9}; \therefore k = \frac{10}{3}$

09. যদি $A = \begin{bmatrix} 2x & 0 \\ x & x \end{bmatrix}$ এবং $A^{-1} = \begin{bmatrix} 1 & 0 \\ -1 & 2 \end{bmatrix}$ হয়, তাহলে x এর মান কত? |RU'20-21| |Ans: d|

(a) 2 (b) $-\frac{1}{2}$ (c) 1 (d) $\frac{1}{2}$

সমাধান: $A^{-1} = \frac{1}{2x^2-0}\begin{bmatrix} x & 0 \\ -x & 2x \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ -1 & 2 \end{bmatrix} \therefore x = \frac{1}{2}$

10. নিচের কোনটি ব্যতিক্রমী (singular) ম্যাট্রিক্স? |CU'20-21| |Ans: d|

(a) $\begin{pmatrix} 1 & -2 \\ 3 & 4 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 2 & -3 \\ 1 & 2 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} -2 & 3 \\ 2 & 1 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{pmatrix}$

সমাধান: $\begin{pmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{pmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স কারণ, $\begin{vmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{vmatrix} = 12 - (3 \times 4) = 12 - 12 = 0$

11. ব্যতিক্রমী ম্যাট্রিক্স এর ক্ষেত্রে $\beta = 3, -5$ হলে, তা নিচের কোন ম্যাট্রিক্স এর জন্য সত্য? |JU'19-20| |Ans: d|

(a) $\begin{bmatrix} \beta+2 & -3 \\ 5 & \beta \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} \beta+2 & 4 \\ 5 & \beta \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} \beta-2 & 3 \\ 5 & \beta \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} \beta+2 & 3 \\ 5 & \beta \end{bmatrix}$

12. $A = \begin{bmatrix} a+3 & 6 \\ 4 & a-2 \end{bmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স এবং $f(x) = (x+1)^2$ ও $a > 0$ হলে, f(a) এর মান কত? |RU'18-19| |Ans: b|

(a) 25 (b) 36 (c) 16 (d) 9

সমাধান: $(a+3)(a-2) = 4 \times 6 \Rightarrow a^2 + a - 30 = 0 \Rightarrow a = 5, -6 \therefore f(a) = f(5) = (5+1)^2 = 36;$ [$\because a > 0$]

13. কোনটি বিপরীত ম্যাট্রিক্সের বৈশিষ্ট্য নয়? |RU'17-18| |Ans: b|

(a) $(A^{-1})^{-1} = A$ (b) $(AB)^{-1} = A^{-1}B^{-1}$ (c) $(A^T)^{-1} = (A^{-1})^T$ (d) $(BA)A^{-1} = B$

14. ম্যাট্রিক্স $M = \begin{bmatrix} 4 & 2 \\ -1 & 3 \end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স কোনটি? |JU'17-18| |Ans: b|

(a) $\begin{bmatrix} \frac{4}{14} & \frac{-2}{14} \\ \frac{1}{14} & \frac{3}{14} \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} \frac{3}{14} & \frac{-2}{14} \\ \frac{1}{14} & \frac{4}{14} \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} \frac{-3}{14} & \frac{2}{14} \\ \frac{1}{14} & \frac{-4}{14} \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} \frac{3}{14} & \frac{2}{14} \\ \frac{-1}{14} & \frac{4}{14} \end{bmatrix}$

সমাধান: $\begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স হচ্ছে; $\frac{1}{ad-bc}\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$

$\therefore M = \begin{bmatrix} 4 & 2 \\ -1 & 3 \end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স $= \begin{bmatrix} \frac{3}{14} & \frac{-2}{14} \\ \frac{1}{14} & \frac{4}{14} \end{bmatrix}$; [$\because |M| = 12 + 2 = 14$]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

15. যদি $A = \begin{bmatrix} 9 & 4 \\ 6 & 3 \end{bmatrix}$ হয় তবে A. (AdjA) =? যেখানে Adj(A) হলো A এর সহগুণক ম্যাট্রিক্স। **[JnU'17-18] [Ans: b]**

(a) $\begin{bmatrix} 3 & -4 \\ -6 & 9 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 3 & 0 \\ 0 & 3 \end{bmatrix}$ (c) $\frac{1}{3}\begin{bmatrix} 3 & -4 \\ -6 & 9 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

সমাধান: $A^{-1} = \frac{Adj(A)}{|A|} \Rightarrow AA^{-1}|A| = A \cdot Adj(A) \therefore A.Adj(A) = I|A| = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \times (9 \times 3 - 4 \times 6) = \begin{bmatrix} 3 & 0 \\ 0 & 3 \end{bmatrix}$

16. p এর কোন মানের জন্য $M = \begin{bmatrix} p & 2 & 3 \\ 4 & 5 & 6 \\ 7 & 8 & 9 \end{bmatrix}$ এর M^{-1} থাকবে না? **[CU'16-17] [Ans: d]**

(a) 0 (b) -1 (c) 2 (d) 1

সমাধান: M^{-1} থাকবে না যদি $|M| = 0 \Rightarrow p(45-48) - 2(36-42) + 3(32-35) = 0 \Rightarrow 3p = 3 \Rightarrow p = 1$

$|M| = 0$ হবে যদি $p = 1$

17. যদি $A = \begin{pmatrix} -2 & 1 \\ \frac{3}{2} & -\frac{1}{2} \end{pmatrix}$ হয় তবে A^{-1} সমান - **[JU'14-15; DU'10-11] [Ans: d]**

(a) $\begin{pmatrix} 1 & 3 \\ 2 & 4 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} 3 & 4 \\ 1 & 2 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{pmatrix}$

সমাধান: $A^{-1} = \frac{1}{(-2)\left(\frac{-1}{2}\right)-\frac{3}{2}}\begin{pmatrix} -\frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{pmatrix} = -2\begin{pmatrix} -\frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{pmatrix} = \begin{pmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{pmatrix}$

18. $\begin{pmatrix} \cos\theta & \sin\theta \\ -\sin\theta & \cos\theta \end{pmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স- **[DU'13-14] [Ans: c]**

(a) $\begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ -\sin\theta & \cos\theta \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & -\cos\theta \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} \cos\theta & \sin\theta \\ \sin\theta & \cos\theta \end{pmatrix}$

সমাধান: $A^{-1} = \frac{adjA}{|A|} = \frac{1}{\cos^2\theta+\sin^2\theta} \times \begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{pmatrix} = \begin{pmatrix} \cos\theta & -\sin\theta \\ \sin\theta & \cos\theta \end{pmatrix}$

19. কোন ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স নেই? **[JnU'12-13] [Ans: b]**

(a) $\begin{pmatrix} 2 & 1 \\ 1 & 2 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 2 & 1 \\ 4 & 2 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} 3 & 2 \\ 1 & 4 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} 2 & -2 \\ 4 & 4 \end{pmatrix}$

সমাধান: $\begin{pmatrix} 2 & 1 \\ 4 & 2 \end{pmatrix}$ এর মান $= 2 \times 2 - 4 \times 1 = 0$; তাই এর বিপরীত ম্যাট্রিক্স নেই।

POLL MACHINE

Type-08: অব্যতিক্রমী ম্যাট্রিক্সের নির্ণায়কের মান সংক্রান্ত

Preparation and Practice are vital for effective delivery

➲ **Formula & Concept:**

যদি A একটি $n \times n$ ক্রমের বর্গ matrix হয় যেখানে $|A| \neq 0$

তাহলে, (i) $|(pA)| = p^n|A|$ (ii) $|(pA)^{-1}| = \frac{1}{p^n|A|}$ (iii) $|(pA^{-1})| = \frac{p^n}{|A|}$ (iv) $|(pA^{-1})^{-1}| = \frac{|A|}{p^n}$ **[Note:** $|A^{-1}| = \frac{1}{|A|}$]

[Note: অনেকে চিন্তা করছো যে যদি Matrix $n \times n$ ক্রমের না হয়ে $m \times n$ ক্রমের হয় $(m \neq n)$ তাহলে $|(PA)| =$ কত হবে। উত্তর হলো: যদি ম্যাট্রিক্স $m \times n$ ক্রমের হয় $(m \neq n)$ তাহলে ঐ Matrix এর নির্ণায়কের মান নির্ণয় করা সম্ভব নয় কারণ শুধুমাত্র বর্গ Matrix এরই নির্ণায়ক বের করা সম্ভব।

MCQ

01. A একটি 3×3 ম্যাট্রিক্স এবং $|A| = -7$ হলে $|(2A)^{-1}|$ এর মান কত? **[JU'23-24] [Ans: b]**

(a) $\frac{-1}{14}$ (b) $\frac{-1}{56}$ (c) $\frac{-8}{7}$ (d) $\frac{-2}{7}$

সমাধান: $|(2A)^{-1}| = \frac{1}{|2A|} = \frac{1}{2^3|A|} = \frac{1}{8\times(-7)} = \frac{-1}{56}$

CamScanner

02. $A = \begin{pmatrix} 3 & -4 \\ 2 & -3 \end{pmatrix}$ হলে $\det(2A^{-1})$ এর মান হলো- **[DU'19-20] [Ans: b]**

(a) $\frac{1}{4}$ (b) -4 (c) 4 (d) $-\frac{1}{4}$

সমাধান: $|A| = -9 + 8 = -1 \therefore A^{-1} = \frac{1}{-1}\begin{bmatrix} -3 & 4 \\ -2 & 3 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & -4 \\ 2 & -3 \end{bmatrix}$

$\therefore 2A^{-1} = \begin{bmatrix} 6 & -8 \\ 4 & -6 \end{bmatrix} \therefore |2A^{-1}|$ or, $\det(2A^{-1}) = -36 + 32 = -4$

বিকল্প: $|A| = 3 \times (-3) - (-4) \times 2 = -1$; $\det(2A^{-1}) = |2A^{-1}| = \frac{2^2}{|A|} = \frac{4}{-1} = -4$ **(Ans.)**

Type-09: নির্ণায়কের মান নির্ণয় সংক্রান্ত সমস্যা

Formula & Concept:

ধরি, $D = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$ নির্ণায়কের বিস্তৃতি যেকোনো একটি কলাম বা সারি বরাবর করতে হবে।

$D = a_1A_1 + b_1B_1 + c_1C_1$ [১ম সারি বরাবর করলে]
$D = a_1A_1 + a_2A_2 + a_3A_3$ [১ম কলাম বরাবর করলে]
} যেখানে, a_i, b_i, c_i এর সহগুণকগুলো হবে A_i, B_i, C_i

এভাবে যেকোনো সারি বা কলাম বরাবর বিস্তৃতি করা যায়।

নির্ণায়ক সম্বলিত অভেদ	উদাহরণ
➢ কোনো নির্ণায়কের সারিগুলো এদের অনুরূপ কলামসমূহে পরিবর্তিত হলে এবং কলামগুলো ইহাদের অনুরূপ সারিসমূহে পরিবর্তিত হলে নির্ণায়কের মানের কোনো পরিবর্তন হয় না।	অর্থাৎ $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = \begin{vmatrix} a_1 & a_2 & a_3 \\ b_1 & b_2 & b_3 \\ c_1 & c_2 & c_3 \end{vmatrix}$ বা, $\lvert A\rvert = \lvert A^T\rvert$
➢ কোনো নির্ণায়কের একটি সারি অথবা কলামের সবগুলো উপাদান শূন্য হলে নির্ণায়কটির মান শূন্য হবে।	যেমন: $\begin{vmatrix} a_1 & b_1 & 0 \\ a_2 & b_2 & 0 \\ a_3 & b_3 & 0 \end{vmatrix} = 0$ এবং $\begin{vmatrix} 0 & 0 & 0 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = 0$
➢ কোনো নির্ণায়কে পাশাপাশি দুইটি সারি অথবা কলাম পরস্পর স্থান বিনিময় করলে নির্ণায়কের চিহ্ন বদলে যায়।	যেমন: $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = -\begin{vmatrix} a_2 & b_2 & c_2 \\ a_1 & b_1 & c_1 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$; [$r_1$ ও r_2 এর স্থান বিনিময়]
➢ কোনো নির্ণায়কের দুটি সারি অথবা কলামের অনুরূপ উপাদানগুলো অভিন্ন হলে এর মান শূন্য হবে।	অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_1 & b_1 & c_1 \end{vmatrix} = 0$ কারণ, $r_1 = r_3$ এবং $\begin{vmatrix} a_1 & a_1 & b_1 \\ a_2 & a_2 & b_2 \\ a_3 & a_3 & b_3 \end{vmatrix} = 0$ কারণ $c_1 = c_2$.
➢ কোনো নির্ণায়কের যে কোনো সারি অথবা কলামের প্রত্যেক উপাদানকে একই রাশি দ্বারা গুণ করলে নির্ণায়কটির মানও ঐ রাশি দ্বারা গুণ হয়।	অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ ka_2 & kb_2 & kc_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = k\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$
➢ নির্ণায়কের কোনো সারি অথবা কলামের উপাদানগুলো অপর একটি সারি অথবা কলামের অনুরূপ উপাদানগুলোর সমানুপাতিক হলে নির্ণায়কটির মান শূন্য।	অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & ka_1 & b_1 \\ a_2 & ka_2 & b_2 \\ a_3 & ka_3 & b_3 \end{vmatrix} = 0$
➢ নির্ণায়কটির কোনো সারি অথবা কলামের প্রতিটি উপাদান দুইটি রাশির সমষ্টি হিসেবে প্রকাশিত হলে, নির্ণায়কটিকে একই ক্রমের দুটি পৃথক নির্ণায়কের যোগফল হিসেবে প্রকাশ করা হয়।	অর্থাৎ, $\begin{vmatrix} a_1 + d_1 & b_1 & c_1 \\ a_2 + d_2 & b_2 & c_2 \\ a_3 + d_3 & b_3 & c_3 \end{vmatrix} = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} + \begin{vmatrix} d_1 & b_1 & c_1 \\ d_2 & b_2 & c_2 \\ d_3 & b_3 & c_3 \end{vmatrix}$

POLL MACHINE
Proper Planned Practice are vital for effective delivery

CamScanner

➢ যদি দুইটি নির্ণায়ক এরূপ হয় যে, এদের প্রত্যেকের একটি মাত্র সারি অথবা কলামের উপাদানগুলো ভিন্ন হয়, তবে এই ভিন্ন সারি অথবা কলামের অনুরূপ উপাদানগুলো একত্রে যোগ করে নির্ণায়ক দুটির সমষ্টি পাওয়া যায়।	ধরি, $D_1 = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$ ও $D_2 = \begin{vmatrix} d_1 & b_1 & c_1 \\ d_2 & b_2 & c_2 \\ d_3 & b_3 & c_3 \end{vmatrix}$ এদের শুধু প্রথম কলাম ভিন্ন তাহলে, $D_1 + D_2 = \begin{vmatrix} a_1 + d_1 & b_1 & c_1 \\ a_2 + d_2 & b_2 & c_2 \\ a_3 + d_3 & b_3 & c_3 \end{vmatrix}$
➢ কোনো নির্ণায়কে কোনো সারি অথবা কলামের উপাদানগুলো একই সংখ্যা দ্বারা গুণ করে অপর কোনো সারি অথবা কলামের অনুরূপ উপাদানগুলোর সাথে যোগ/বিয়োগ করলে, নির্ণায়কটির মানের পরিবর্তন হয় না।	অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = \begin{vmatrix} a_1 \pm xb_1 & b_1 & c_1 \\ a_2 \pm xb_2 & b_2 & c_2 \\ a_3 \pm xb_3 & b_3 & c_3 \end{vmatrix}; [c_1' = c_1 \pm xc_2]$
➢ কোনো নির্ণায়কের পাশাপাশি 2টি করে সারি বা কলামের ভুক্তিগুলো যদি সমান্তর প্রগমনে থাকে, তাহলে উক্ত নির্ণায়কের মান 0 হবে।	$\begin{vmatrix} a & a+d & a+2d \\ b & b+d & b+2d \\ c & c+d & c+2d \end{vmatrix} = 0$ এবং $\begin{vmatrix} a & b & c \\ a+p & b+p & c+p \\ a+2p & b+2p & c+2p \end{vmatrix} = 0$

MCQ

01. এককের কাল্পনিক মূল ω হলে, $\begin{vmatrix} x+1 & \omega & \omega^2 \\ \omega & x+\omega^2 & 1 \\ \omega^2 & 1 & x+\omega \end{vmatrix} = 0$ এর সমাধান কোনটি? **[CU'23-24] [Ans: c]**

(a) $x = \omega$ (b) $x = 1$ (c) $x = 0$ (d) $x = \omega^2$

সমাধান: $\begin{vmatrix} x+1 & \omega & \omega^2 \\ \omega & x+\omega^2 & 1 \\ \omega^2 & 1 & x+\omega \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} x+1+\omega+\omega^2 & \omega & \omega^2 \\ \omega+x+\omega^2+1 & x+\omega^2 & 1 \\ \omega^2+1+x+\omega & 1 & x+\omega \end{vmatrix} = 0;\ [c_1' = c_1 + c_2 + c_3]$

$\Rightarrow \begin{vmatrix} x+0 & \omega & \omega^2 \\ x+0 & x+\omega^2 & 1 \\ x+0 & 1 & x+\omega \end{vmatrix} = 0 \Rightarrow x \begin{vmatrix} 1 & \omega & \omega^2 \\ 1 & x+\omega^2 & 1 \\ 1 & 1 & x+\omega \end{vmatrix} = 0 \ldots\ldots\ldots (i)$

$\Rightarrow x \begin{vmatrix} 0 & \omega-x-\omega^2 & \omega^2 \\ 0 & x+\omega^2-1 & 1 \\ 1 & 1 & x+\omega \end{vmatrix} = 0 \Rightarrow x \begin{vmatrix} \omega-x-\omega^2 & \omega^2 \\ x+\omega^2-1 & 1 \end{vmatrix} = 0 \Rightarrow x \begin{vmatrix} \omega-x & \omega^2 \\ x+\omega^2 & 1 \end{vmatrix} = 0;\ [c_1' = c_1 + c_2]$

$\Rightarrow x\{(\omega-x)-\omega^2(x+\omega^2)\} = 0 \Rightarrow x(\omega-x-\omega^2x-\omega^4) = 0$

$\Rightarrow x\{\omega-\omega-(-\omega)x\} = 0 \Rightarrow x^2\omega = 0 \therefore \omega \neq 0 \therefore x = 0$

02. $\begin{vmatrix} \alpha & \alpha & x \\ \beta & \beta & \beta \\ \theta & x & \theta \end{vmatrix} = 0$ হলে, $x = ?$ **[JU'23-24; DU'14-15] [Ans: b]**

(a) α, β, θ (b) α, θ (c) β, θ (d) α, β

সমাধান: $\begin{vmatrix} \alpha & \alpha & x \\ \beta & \beta & \beta \\ \theta & x & \theta \end{vmatrix} = \beta \begin{vmatrix} \alpha & \alpha & x \\ 1 & 1 & 1 \\ \theta & x & \theta \end{vmatrix} = \beta \begin{vmatrix} 0 & \alpha & x-\alpha \\ 0 & 1 & 0 \\ \theta-x & x & \theta-x \end{vmatrix}\ [c_1' = c_1 - c_2,\ c_3' = c_3 - c_2]$

$= -\beta(\theta-x)(x-\alpha) = \beta(x-\alpha)(x-\theta) = 0 \quad \therefore x = \alpha \text{ or, } x = \theta$

বিকল্প: MCQ এর জন্য Option এর মানগুলো বসিয়ে Check করলেই হবে।

$x = \alpha$ হলে, $\begin{vmatrix} \alpha & \alpha & \alpha \\ \beta & \beta & \beta \\ \theta & \alpha & \theta \end{vmatrix} = \alpha\beta \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \\ \theta & \alpha & \theta \end{vmatrix} = 0$; $x = \theta$ হলে, $\begin{vmatrix} \alpha & \alpha & \theta \\ \beta & \beta & \beta \\ \theta & \theta & \theta \end{vmatrix} = \beta\theta \begin{vmatrix} \alpha & \alpha & \theta \\ 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \end{vmatrix} = 0$

$x = \beta$ হলে, $\begin{vmatrix} \alpha & \alpha & \beta \\ \beta & \beta & \beta \\ \theta & \beta & \theta \end{vmatrix} = \beta(\beta-\alpha)(\beta-\theta) \neq 0 \therefore x = \alpha \text{ or, } x = \theta$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

CamScanner

03. $A = \begin{bmatrix} 1 & -4 \\ 1 & 2 \end{bmatrix}$ ও $B = \begin{bmatrix} x & 0 & 0 \\ 3 & 4 & 1 \\ 2 & -2 & 1 \end{bmatrix}$ হলে, x-এর কোন মানের জন্য $|A| = |B|$ হবে? **[RU'22-23] [Ans: a]**

(a) 1 (b) -1 (c) 0 (d) 2

সমাধান: $|A| = \begin{vmatrix} 1 & -4 \\ 1 & 2 \end{vmatrix} = 2 + 4 = 6$ এবং $|B| = \begin{vmatrix} x & 0 & 0 \\ 3 & 4 & 1 \\ 2 & -2 & 1 \end{vmatrix} = x(4 + 2) = 6x$

প্রশ্নমতে, $|A| = |B| \Rightarrow 6x = 6 \therefore x = 1$

04. P এর কোন মানের জন্য $\begin{vmatrix} 1 & 2 & 3 \\ 1 & 2 & P \\ 3 & 4 & 0 \end{vmatrix}$ নির্ণায়কটির মান শূন্য হবে? **[RU'22-23] [Ans: d]**

(a) $-\frac{3}{5}$ (b) $\frac{3}{5}$ (c) -3 (d) 3

সমাধান: $\begin{vmatrix} 1 & 2 & 3 \\ 1 & 2 & P \\ 3 & 4 & 0 \end{vmatrix} = 3 \times (4 - 6) - P(4 - 6) = -6 + 2P \therefore 2P - 6 = 0 \Rightarrow P = 3$

বিকল্প: এটা আসলে বিস্তার না করেই বলা যায়। লক্ষ কর, P এর মান 3 হলে, ১ম এবং ২য় সারি অভিন্ন হয়ে যায় তাই ম্যাট্রিক্স এর মান 0 হয়।

05. $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 - bc & b^2 - ca & c^2 - ab \end{vmatrix}$ নির্ণায়কের মান কত? **[JU'21-22] [Ans: c]**

(a) 2 (b) abc (c) 0 (d) $a^2b^2c^2$

সমাধান: $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a & b & c \\ a^2 - bc & b^2 - ca & c^2 - ab \end{vmatrix} = \begin{vmatrix} 0 & 0 & 1 \\ a - b & b - c & c \\ a^2 - b^2 + c(a - b) & b^2 - c^2 + a(b - c) & c^2 - ab \end{vmatrix} \begin{bmatrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{bmatrix}$

$= \begin{vmatrix} a - b & b - c \\ (a - b)(a + b + c) & (b - c)(a + b + c) \end{vmatrix} = (a - b)(b - c)(a + b + c) \begin{vmatrix} 1 & 1 \\ 1 & 1 \end{vmatrix} = 0$

বিকল্প: $a = 1, b = 2$ ও $c = 3$ ধরলে পাই, $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & 2 & 3 \\ -5 & 1 & 7 \end{vmatrix} = 14 - 3 - (7 + 15) + 1 + 10 = 0$

06. $i^2 = -1$ হলে $\begin{vmatrix} i & i^3 & i + i^3 \\ i^3 & i^5 & i^3 + i^5 \\ i^5 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = ?$ **[GST'20-21] [Ans: b]**

(a) -1 (b) 0 (c) 1 (d) i

সমাধান: $i^2 = -1, i^3 = -i, i^4 = 1, i^5 = i, i^7 = -i$; $\begin{vmatrix} i & i^3 & i + i^3 \\ i^3 & i^5 & i^3 + i^5 \\ i^5 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = \begin{vmatrix} i & -i & 0 \\ -i & i & 0 \\ i & -i & 0 \end{vmatrix} = 0$

07. $A = \begin{bmatrix} 5 & 0 & 0 \\ 0 & 5 & 0 \\ 0 & 0 & 5 \end{bmatrix}$ হলে, $|A|$ এর মান কোনটি? **[JU'19-20] [Ans: c]**

(a) 5 (b) 5^2 (c) 5^3 (d) 0

সমাধান: $|A| = \begin{vmatrix} 5 & 0 & 0 \\ 0 & 5 & 0 \\ 0 & 0 & 5 \end{vmatrix} = 5(25 - 0) = 125 = 5^3$

08. যদি $\begin{vmatrix} \beta - 2 & 1 \\ -5 & \beta + 4 \end{vmatrix} = 0$ হয়, β এর মান কোনটি? **[JU'19-20] [Ans: d]**

(a) 5 অথবা, 0 (b) 6 অথবা, 2 (c) 5 অথবা, -3 (d) 1 অথবা, -3

সমাধান: $(\beta - 2)(\beta + 4) + 5 = 0 \Rightarrow \beta^2 + 2\beta - 3 = 0 \therefore \beta = 1, -3$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

Scanned with CamScanner

09. $\begin{vmatrix} 1 & -\omega & \omega^2 \\ -\omega & \omega^2 & 1 \\ \omega^2 & 1 & -\omega \end{vmatrix}$ = কত? [RU'18-19] [Ans: a]

(a) -4 (b) 4 (c) 8 (d) ω

সমাধান: $-\omega^3 - 1 + \omega(\omega^2 - \omega^2) + \omega^2(-\omega - \omega^4) = -1 - 1 - \omega^3 - (\omega^3)^2$

$= -2 - 1 - (1)^2 = -4$; $[\because \omega^3 = 1]$

10. নির্ণায়ক $\begin{vmatrix} 1 & a & b+c \\ 1 & b & c+a \\ 1 & c & a+b \end{vmatrix}$ এর মান কোনটি? [JU'18-19] [Ans: c]

(a) $a+b+c$ (b) $(a+b+c)^2$ (c) 0 (d) $1+a+b+c$

